

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর ২, ঢাকা ১২১৬।

স্মারক নং- প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ-১১(অংশ-১)/২০১২/৩৪৪

তারিখ: ১২ মার্চ ২০১৫
২৮ ফাল্গুন ১৪২১


বিষয় : স্কুল ফিডিং প্রকল্পের আওতায় সরবরাহকৃত/সরবরাহযোগ্য পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুটের যথাযথ বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি” শীর্ষক প্রকল্পের আওতায় নতুনভাবে কয়েকটি উপজেলায় সরকারি অর্থায়নে বিস্কুট বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। ইতোপূর্বে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রকল্প কার্যালয় কর্তৃক স্কুল ফিডিং প্রকল্পের আওতায় সরবরাহকৃত/সরবরাহযোগ্য পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুটের যথাযথ বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণসহ প্রকল্পের সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ পত্রসমূহ জারীকরা হয়েছে যা এতদসঙ্গে তাঁর বরাবরে প্রেরণ করা হলো:

- (ক) প্রকল্প বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা সম্মিলিত পরিপত্র
- (খ) বিস্কুট সংরক্ষণ, বিতরণ, রিপোর্টিং, কার্টুন বিক্রয় বিষয়ের করণীয় সম্পর্কীয় পত্র
- (গ) বিস্কুটের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ক পত্র

২। সরকারী অর্থায়নে নতুনভাবে প্রকল্পভুক্ত উপজেলাসমূহে স্কুল ফিডিং কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রেরিত পত্রসমূহ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার এবং বিদ্যালয়সমূহের সকল প্রধান শিক্ষক বরাবরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) পাতা।


বাবরু কুমার সাহা
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

বিতরণ:

১. নির্বাহী পরিচালক, ইএসডিও।
[দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম কো-অর্ডিনেটর, ইএসডিও, গোপালগঞ্জ/রংপুর জেলা]
২. নির্বাহী পরিচালক, সুশীলন।
[দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সুশীলন, সাতক্ষীরা/বরগুনা জেলা]
৩. প্রধান, প্রোগ্রাম সমন্বয়ক, আরডিআরএস, বাংলাদেশ।
[দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম/গাইবান্ধা জেলা]
৪. কান্টি ডিরেক্টর, মুসলিম এইড-ইউকে।
[দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মুসলিম এইড-ইউকে, ভোলা জেলা]

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ/রংপুর/সাতক্ষীরা/বরগুনা/ কুড়িগ্রাম/গাইবান্ধা/ভোলা জেলা।
২. উপজেলা শিক্ষা অফিসার, কাশীয়ানি/পার্বতীপুর/ শ্যামনগর/ তালা/কলারোয়া/আশাশুনি/পাথরঘাটা/রৌমারী/রাজীবপুর/নাগেশ্বরী/ চিলমারী/ফুলবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/চরফ্যাশন/মনপুরা উপজেলা।
৩. মোঃ জহিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রাম অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
৪. জনাব শাহিদা আকতার, সিনিয়র প্রোগ্রাম অফিসার, পিএলইউ, বিশ্ব খাদ্য কর্মসূচি।